স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা পৌষ বুধবার ১৩৬৯ ইংরাজী 19th Dec. 1962 { ৩০শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sen(K)

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা পৌষ বুধবার সন ১৩৬৯ সাল।

# চীনাদের দুমুখো নীতি

—:০:—

### লদাক সীমান্তে সামরিক পর্যবেক্ষকের অভিজ্ঞতা

নয়াদিল্লী, ১৬ই ডিসেম্বর—লদাকস্থিত ভারতীয় সামরিক বাহিনীর জনৈক পর্যবেক্ষক চীনাদের দুমুখো নীতির এক বিবরণ দিয়াছেন। তিনি বলেন যে, একদিকে তাহারা আমাদের সৈন্যদের সহিত অন্তরঙ্গতা স্থাপনের জন্য তাহাদের চা-সিগরেট খাওয়ায়, নোনো বলিয়া ডাকে (লদাকী ভাষায় নোনো অর্থ অন্তরের ছোট্ট ভাই) আর অপরদিকে নিঃশব্দে বিনা প্ররোচনায় ব্যাপক আক্রমণের জন্য তলে তলে প্রস্তুত হয়। এই পর্যবেক্ষকটি আরও বলেন যে, একটি চৌকিতে লদাক স্কাউটসের হাবিলদার স্বরূপ সিং ছিলেন সহ-অধিনায়ক। ২০শে অক্টোবর প্রত্যুষে চীনারা বিপুল সংখ্যায় এই চৌকির প্রায় হাজার গজের মধ্যে সমাবিষ্ট হইয়া আমাদের চৌকিটিকে ঘিরিয়া ফেলে এবং অকস্মাৎ মর্টার ও স্বয়ংক্রিয় অস্ত্রের সাহায্যে আক্রমণ সুরু করে। স্বরূপ সিং এবং অপর দুইজন সৈনিক তাহাদের পরিখা হইতে বীরত্বের সহিত সংগ্রাম করে। এই সময় শত্রুপক্ষের গোলা বর্ষণে দুইজন জওয়ান নিহত হয়।

স্বরূপ সিং মৃত্যুর হাত হইতে রক্ষা পাইলেও সাংঘাতিকভাবে আহত হন। কিন্তু সেই অবস্থাতেও তিনি নিজের নিরাপত্তার প্রতি ভ্রুক্ষেপ না করিয়া চীনারা যাহাতে পাশ কাটাইয়া অগ্রসর হইতে না পারে তজ্জন্য তিনি দুর্জয় প্রতিরোধে লিপ্ত হন। চীনা সৈন্যরা দলে দলে এই ঘাঁটির উপর আক্রমণ চালায় কিন্তু তিনি একা তাহাদের সেই আক্রমণ প্রতিহত করেন। এইভাবে তিনি এই চৌকির অন্য সৈনিকরা যাহাতে দশ মাইল দূরবর্ত্তী অপর একটি ঘাঁটিতে সরিয়া যাইতে পারে তাহার পথ প্রশস্ত করেন। এইভাবে সাত ঘণ্টারও অধিককাল চৌকিটিকে শত্রু আক্রমণ হইতে রক্ষা করিয়া হাবিলদার স্বরূপ সিং অচৈতন্য হইয়া পড়েন। অপস্রিয়মান সৈনিকদল তাহাকে তুলিয়া অন্য একটি চৌকিতে লইয়া আসে চীনাদের গুলীতে তাহার সারাদেহ ঝাঁঝরা হইয়া গিয়াছিল কিন্তু তৎসত্বেও তিনি শত্রু সৈন্যের উপর পাঁচ শত রাউণ্ড গুলী বর্ষণ করেন। ২১শে অক্টোবর এই বীর সৈনিক মৃত্যু বরণ করিয়া লইয়াছেন বটে কিন্তু শেষ নিঃশ্বাস ত্যাগের পূর্ব্বে তিনি বলেন যে, তিনি এখনও চীনা দস্যুদের সহিত সংগ্রাম করিতে প্রস্তুত।

---

## চীনের সহিত রাশিয়ার আদর্শগত বিরোধ

### চূড়ান্ত পর্যায়ে উপনীত

মস্কো, ১৬ই ডিসেম্বর—কম্যুনিষ্ট দেশগুলির নেতৃত্ব সম্পর্কে সোভিয়েট রাশিয়ার প্রধানমন্ত্রী শ্রীক্রুশ্চফ এবং শ্রীমাও সে-তুংয়ের মধ্যে গত ৫ বৎসর ধরিয়া যে আদর্শগত বিরোধ চলিতেছে তাহা এখন চূড়ান্ত পর্যায়ে উপনীত হইয়াছে বলিয়া বোধ হইয়াছে। গত বুধবার সোভিয়েট প্রধানমন্ত্রী সুপ্রীম সোভিয়েটে যে বক্তৃতা করিয়াছেন তাহা হইতে মনে হয় যে, তিনি পিকিং এর শাসক গোষ্ঠীকে প্রকাশ্য বিরোধের দিকে ঠেলিয়া দিয়াছেন।

---

## ভারতীয় অঞ্চল হইতে চীনাদের অপসারণ

### ভারতের দাবীকে জোরদার করার জন্য শ্রীক্রুশ্চফের প্রয়াস

বার্লিন, ১৬ই ডিসেম্বর—পূর্ব বার্লিনস্থ পূর্ব ইউরোপের কূটনীতিবিদরা মনে করেন যে, ভারতীয় এলাকা হইতে কম্যুনিষ্ট চীনের অপসারণের জন্য ভারত যে দাবি করিয়াছে, তাহা জোরদার করার জন্য শ্রীক্রুশ্চফ চীনের উপর কূটনৈতিক চাপ দিবার পরিকল্পনা করিয়াছেন।

ঐ মহলের সংবাদে প্রকাশ যে, সোভিয়েট নেতা প্রেসিডেণ্ট নাসের ডঃ এনক্রুমা এবং ডঃ সুকর্ণের নিকট ব্যক্তিগত পত্র প্রেরণ করিয়াছেন। শ্রীক্রুশ্চফ তাঁহার পত্রে উহাদিগকে এই অনুরোধ জানাইয়াছেন যে, তাহারা যেন চীনাদের কার্য্যের প্রতি কোনরূপ সমর্থন না জানাইয়া আলোচনার ভিত্তি ঠিক করেন। শ্রীক্রুশ্চফ মনে করেন যে, ভারতের উপর চীনা আক্রমণের ফলে সোভিয়েট নীতি সর্বাধিক ক্ষতিগ্রস্ত হইয়াছে। পূর্ব ইউরোপের কূটনৈতিক মহল দাবি করেন যে, ভারতের উপর চীনের আক্রমণের ফলে মস্কো এবং পিকিংয়ের মধ্যে মনকষাকষি বৃদ্ধি পাইয়াছে। "শান্তিপূর্ণ সহাবস্থান এবং অন্তর্ঘাতী প্রভাবের" মধ্য দিয়া নিরপেক্ষ দেশগুলিতে শেষ পর্যন্ত কম্যুনিজম জয়যুক্ত হইবে, শ্রীক্রুশ্চফের পররাষ্ট্র নীতির এই প্রধান লক্ষ্য কম্যুনিষ্ট চীনের কার্য-কলাপের ফলে ব্যাহত হইয়াছে। ঐ মহলের সংবাদে আরও প্রকাশ যে, সোভিয়েট রাশিয়া এবং উহার তাবেদার রাষ্ট্রগুলি ভারতকে যথাশক্তি অর্থনৈতিক সাহায্য দিতে চাহে।

---

## বিনামূল্যে ইন্‌জেকসন

জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ের ভারপ্রাপ্ত চিকিৎসক মহাশয় জানাইতেছেন—এম-এল-এ, গেজেটেড অফিসার বা মিউনিসিপ্যালিটীর চেয়ার-ম্যানের সার্টিফিকেটসহ আসিলে ডিপথিরিয়া, হুপিং কাশি ও ধনুষ্টঙ্কার রোগে আক্রান্ত শিশুদের ইন্‌জেকসন বিনামূল্যে দেওয়া হইবে।

---

## ভেজাল দুগ্ধ ছানা বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে আইলের উপর নিবাসী শ্রীধরণী ঘোষকে ৩০৲ টাকা ও ভেজাল ছানা বিক্রয়ের অপরাধে হরিরামপুর নিবাসী শ্রীচন্দ্রকান্ত ঘোষকে ১০০৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---



# সেটেলমেণ্টে আমার স্বত্ব

—•—

ভগবানের তৈরী জমি মানুষ দখল করে,
আমার আমার করে শুধু মামলা করে মরে।
রোদ জোৎস্না জল বাতাসে সবার সমান দাবি,
মানুষগুলোর কাণ্ড দেখে মনে মনে ভাবি।
নেবো খাবো দেবো নাকো সবার একই ভাব,
মানুষ আছে অনেক কিন্তু মানুষের অভাব।
জবর স্বত্ব করতে বাহাল ছটফটিয়ে মরে,
স্বত্বের দফা রফা কিন্তু শ্মশানে কবরে।
কেউ করছেন নাখেরাজ মোকররী মৌরসী,
আমি কিন্তু দেখছি মজা উঁচু ডালে বসি।
ভগবান সবার দানাপানি দিতে দায়ী,
এই নজিরে জলে কলে আমার দখল স্থায়ী।
মানুষ যখন পায়না খেতে চলে পরের দ্বারে,
পেটের জ্বালায় কোথাও যেতে হয়নাকো আমারে।
যাহার দেওয়া খাবার জিনিস তারই দেওয়া ক্ষিদে,
ক্ষিদে পেলেই খাব আমি এইটে বুঝি সিধে।
ফল, মূল, পাতা, ফুল জানিনাকো কার,
আমার কিন্তু সব জিনিসে সমান অধিকার।
সেটেলমেণ্টে হচ্ছে বিচার স্বত্ব কিবা কার,
আমার দখল দেখে হুজুর করুন সুবিচার।
ফলকর স্বত্ব মোর রয়েছে সব ঠাঁই,
দখল দেখে আমার নামটা রেকর্ড করা চায়।
সাগর বেঁধে রাবণ ব'ধে উদ্ধারিনু সীতা,
রাম রাজারই ছাড় রয়েছে জানেন নাকি তা!
ত্রেতা যুগে ভারতভূমি কাঁপত আমার তেজে,
লঙ্কা পোড়ার চিহ্ন আছে হাতে মুখে লেজে।
ছিঁড়ব পাতা ভাঙব ডাল কামড়াব সব ফল,
কোন্ আইন আর কোন্ নজিরের দেখব কত বল।
তিন ধারাতে হেরে আমি করবো নাকো চুপ,
জবর দখল রাখব বজায় হুপ, হুপ, হুপ।

---

## বিধানসভায় চীনা দুতাবাস প্রসঙ্গ

চীনা দুতাবাস গুটাইয়া চলিয়া যাওয়ার আগে কলিকাতার দুতাবাসের কর্তাদের চীন-দরদী কম্যুনিষ্টদের হাতে গোপনে মোটা টাকা গুঁজিয়া দেওয়ার অভিযোগ সম্পর্কে মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন দুই একদিনের মধ্যেই বিধানসভায় একটি বিবৃত্তি দিতেছেন।

সোমবার পশ্চিমবঙ্গ বিধানসভার অধিবেশন বসিবার সঙ্গে সঙ্গে শ্রীকাশীকান্ত মৈত্র (প্র সো) চীনা দুতাবাসের কর্তাব্যক্তিদের ঐ দুষ্কার্যের কথা উল্লেখ করিয়া ঐ সম্পর্কে বিস্তারিত জানিতে চাহেন। ঐ ব্যাপারের পূর্ণাঙ্গ তদন্তের দাবিও তিনি জানান। মুখ্যমন্ত্রী শ্রী সেন বলেন যে, ঐ ঘটনা সম্পর্কে সদস্যগণ যতটুকু জানেন তিনিও তাহার বেশী কিছু জানেন না। এই ঘটনা সম্পর্কে তিনি বিস্তারিত তদন্তের ব্যবস্থা করিবেন। গোড়ায় শ্রী মৈত্র বলেন, ব্যাপারটি খুবই গুরুতর। সংবাদপত্রে এইরূপ সংবাদ প্রকাশিত হইয়াছে যে, চীনা দুতাবাসের কর্তাব্যক্তিগণ যাওয়ার আগে গোপনে চীন-দরদী এজেণ্টদের হাতে বহু অর্থ দিয়া গিয়াছেন। যাহাদের মধ্যে অর্থ বণ্টন করা হইয়াছে তাহাদের নামোল্লেখ না করা হইলেও তাহাদের পরিচয় সম্পর্কে যথেষ্ট ইঙ্গিত দেওয়া হইয়াছে। তাহাদের মধ্যে প্রাক্তন মুসলিম লীগ সদস্য ও বর্ত্তমানে কংগ্রেসী একজনও নাকি আছেন। এই সম্পর্কে মুখ্যমন্ত্রীর নিকট একটি বিস্তারিত বিবৃতি তাঁহারা পাইতে চাহেন। বিধানসভার বর্ত্তমান অধিবেশন ২।৩ দিন চলিবে। ইহার মধ্যে মুখ্যমন্ত্রী ঐ সব ব্যক্তির নাম তাঁহাদের নিকট প্রকাশ করিবেন বলিয়া তিনি আশা করেন। সংশ্লিষ্ট সমাজ ও দেশদ্রোহীদের কার্যকলাপ দমনের জন্য পুলিশ কী কী ব্যবস্থা গ্রহণ করিতেছে সে সম্পর্কেও মুখ্যমন্ত্রী তাঁহাদের জানাইবেন বলিয়া শ্রী মৈত্র আশা প্রকাশ করেন।

---

## পুলিশের গুলিতে তিনজনের মৃত্যু

গত ১৬ই ডিসেম্বর রবিবার বেলা ৯ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দক্ষিণপাড়ার মাঠে ধানের পাঁজা (শস্যে জোগানদারীর পারিশ্রমিক) লইয়া বিবদমান দুই দলের সঙ্ঘর্ষে পুলিশকে গুলি চালাইতে হয়। গুলিবিদ্ধ হইয়া রাজানগর নিবাসী চাঁদকুমার দাস ঘটনাস্থলে মারা যায়। ধলো নিবাসী চাঁদু মুরমু ও বড়শিমূল নিবাসী জনৈক মুসলমানকে গুলিবিদ্ধ অবস্থায় জঙ্গিপুর হাসপাতাল হইতে বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে তাহাদের মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ। সেইদিনই জঙ্গিপুরের মহকুমা শাসক ও মহকুমা পুলিশ অফিসার ঘটনাস্থল পরিদর্শন করেন। জোর তদন্ত চলিতেছে।

---

## নররাক্ষস

সহযোগী কান্দীবান্ধবে প্রকাশ—ভরতপুর থানার ভোলতা গ্রাম হইতে একটি সংবাদে জানা যায় যে, ঐ গ্রামের এক পাগল একটি ৭ বৎসরের ছেলেকে পেয়ারা খাবার লোভ দেখাইয়া একটি পতিত বাড়ীতে লইয়া গিয়া হাসুয়া দ্বারা তাহার গলায় আঘাত করিয়া রক্ত পান করে। গায়ে রক্তের দাগ দেখে গ্রামের লোকে জিজ্ঞাসা করায় সে ঐ পতিত বাড়ীতে ছাগল কেটেছি বলায় গ্রামের লোকে দ্বিখণ্ডিত অবস্থায় ছেলেটিকে দেখতে পায়। পরে পুলিশে খবর দিলে পুলিশ আসিয়া পাগলটিকে গ্রেপ্তার করে এবং নিহত বালকটিকে পোষ্টমর্টেমের জন্য হাসপাতালে পাঠাইয়া দেয়।

---

## মেধাবী ছাত্রের সুযোগ

নবম ও দশম শ্রেণীর কয়েকটি মেধাবী ছাত্রকে বিনা বেতনে ও অর্দ্ধেক হোষ্টেল খরচে পড়িবার সুযোগ দেওয়া হইবে। মেধাবী মুসলমান ও তপশীল জাতি ছাত্রদের বেতন ও হোষ্টেল খরচ লাগিবে না। সম্পাদক মির্জ্জাপুর দ্বিজপদ উচ্চতর (মালটি-পারপাস) মাধ্যমিক বিদ্যালয়। পোঃ গনকর, মুর্শিদাবাদ।




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন***

**পামারি**

খোস, পাঁচড়া, একজিমা ও চুলকুনি রোগের অব্যর্থ মহৌষধ।

প্রাপ্তিস্থান—

কবিরাজ **শ্রীরোহিনীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ